

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৪৯৭৯.০১৭.২৭.০০১.১৫. ৪৮০

তারিখ : ১৯ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
০২ মে, ২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ


যেহেতু, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলার ২নং শৌলমারী ইউপি চেয়ারম্যান জনাব মিজানুর রহমান মিনুর বিরুদ্ধে ২০১৪-২০১৫ অর্থ বছরে টি আর কাবিখা প্রকল্পের আওতায় চাউল ভাগ ভাটোয়ারার বিষয়ে সদস্যদের মতামত না নিয়ে ভূয়া রেজুলেশন তৈরির অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু এরূপ অভিযোগ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলার ২ নং শৌলমারী ইউপি চেয়ারম্যান জনাব মিজানুর রহমান মিনুর বিরুদ্ধে এরূপ অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৪৯৭৯.০১৭.২৭.০০১.১৫. ৪৮০

তারিখ : ১৯ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
০২ মে, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম (উক্ত চেয়ারম্যানের বিরুদ্ধে আনীত অভিযোগ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(ঘ) ধারা মোতাবেক অপসারণের প্রস্তাব প্রেরণের জন্য এবং তার বিরুদ্ধে দুনীতি ও অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হওয়ায় ফৌজদারী মামলা দায়েরের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০২. উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
০৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. জনাব মিজানুর রহমান মিনু, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), ২নং শৌলমারী ইউনিয়ন পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব